

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭২১

আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

শিল্প ও বাণিজ্য মেলায় বিশেষ  
টেক প্যাভিলিয়নের আয়োজন

৩৪তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা উপলক্ষে হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা গ্রাউন্ডে এক বিশেষ টেক প্যাভিলিয়নের আয়োজন করা হয়েছে। এই প্যাভিলিয়নটি মেলা চলাকালীন ২৫ জানুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত খোলা থাকবে। জনকল্যাণে বিভিন্ন প্রযুক্তিগত উদ্ঘাবনকে জনসমক্ষে তুলে ধরার জন্য শিল্প ও বাণিজ্য দপ্তরের পক্ষ থেকে এ ধরনের প্রথম উদ্যোগ। মোট ১৬টি সংস্থা তাদের উদ্ঘাবনীমূলক সৃষ্টি এই প্যাভিলিয়নে প্রদর্শন করছে। এই ১৬টি সংস্থা হচ্ছে এনআইটি, আগরতলা (তাদের থিম হচ্ছে থিংক, ইনোভেটিভ, ক্রিয়েট ফর সোসাইটি), ফিসারি কলেজ (ফিশ ফর ফুড, ফিড ফর ফিশ), রাবার বোর্ড (প্রযুক্তি ও আর্থিক স্থায়িত্ব), কৃষি বিশ্ববিদ্যালয় (সাস্টেনেবল এগ্রিকালচার থ্রো স্মার্ট ফার্মিং প্র্যাক্টিসেস), আইটিআই, বিশ্রামগঞ্জ (থ্রি ডি বিল্ডিং মডেল), আইটিআই, ইন্দুনগর বর্ষেজ (কম খরচে হোম অটোমেশন), রিপস্যাট (বায়ো মেডিক্যাল ও বায়ো রেমিডিয়াল ফার্মাসিউটিক্যালস), টিএমসি (এইচআইভি / এইডস প্রতিরোধ), ত্রিপুরা ইনসিটিউট অব প্যারামেডিক্যাল সায়েন্সেস (স্বাস্থ্য পরিষেবার একটি শক্তিশালী ভিত স্বাস্থ্য বিষয়ক শিক্ষা), ত্রিপুরা ইউনিভার্সিটি (পরিবেশ বান্ধব সমাধান), ক্ষিল ডেভেলপমেন্ট অধিকার (ক্ষিল ত্রিপুরা, আত্মনির্ভর ত্রিপুরা), সেন্ট্রাল ইনসিটিউট অব পেট্রোকেমিক্যালস, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (প্লাস্টিক রিসাইক্লিং টেকনোলজি), এনটিএফপি, সি.ও.ই (ঘর ঘর আগর, হর ঘর আগর), অকনীড় (গ্রীন এবং লো কার্বন টেকনোলজি), ডেলিউ আই টি আই, আগরতলা (এমব্রয়ডারি ডিজাইনে অটোমেশন) এবং তথ্য প্রযুক্তি দপ্তর (ডিজিট্যাল ত্রিপুরা, স্বশাসিত ত্রিপুরা)। এইসব প্রদর্শনীর মূল উদ্দেশ্যই হচ্ছে তাদের উদ্ঘাবন কিভাবে জনগণের সমস্যা সমাধানে সহায়ক তা দেখানো। এই প্যাভিলিয়ন বেশ দর্শক আকর্ষণে সক্ষম হচ্ছে, বিশেষ করে ছাত্রছাত্রীরা নানা বিষয়ে তাদের কৌতুহল মেটানোর জন্য এই প্যাভিলিয়নে ভিড় করছেন।

এ সংবাদটি শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে জানানো হয়েছে।

\*\*\*\*\*